# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৯৪. শরীরে ব্যান্ডেজ, প্লাস্টার বা পট্টি থাকলে এগুলোর উপর মাসেহ করার পদ্ধতি কী?

ক্ষত বা অসুস্থতাজনিত কারণে দেহের যে অংশে ব্যান্ডেজ বা প্লাস্টার কিংবা পট্টি বাঁধা হয়েছে, সে অংশে পানি লাগাবে না । সেখানে শুধু ভেজা হাত দিয়ে পট্টির উপর দিয়ে একবার মাসেহ করে নেবে। মাসেহ করবে শুধু ক্ষতস্থানের পট্টির উপর, বাকি অংশ ধৌত করবে (আবু দাউদ)। মাসেহ করার এ কাজটা শুধু জায়েযই নয়, বরং ওয়াজিব। কারণ, এটা তার শারীরিক নিরাপত্তার বিষয়। এমনকি ফরয গোসলের ক্ষেত্রেও পট্টির উপর মাসেহ করা জায়েয ।

ক্ষতস্থান যদি খোলা থাকে, আর ক্ষতির আশঙ্কা না থাকে তাহলে পানি দ্বারা ধৌত করা ওয়াজিব। আর ক্ষতি হওয়ার ভয় থাকলে তায়াম্মুম করে নেবে। যদি এমন হয় যে ক্ষতস্থান ঢাকা আছে তাহলে পট্টির উপর দিয়ে ভেজা হাতে মাসেহ করে নেবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12831

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন